ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৮৪ ● কলকাতা ● ২৭ আশ্বিন, ১৪৩০ ● রবিবার ● ১৫ অক্টোবর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা



গোপনে মা হওয়ার খবরে মুখ খুললেন বিদ্যা বালান

পৃঃ ৫



অবসরের পরিকল্পনা জানালেন রোনালদো!

পৃঃ ৬

## কেন্দ্রের পাঠানো গম খোলা বাজারে বিক্রি করেছেন বাকিবুর, আদালতে বলল ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেন্দ্রের পাঠানো রেশনের গম খোলা বাজারে বিক্রি করতেন রেশন বণ্টন দুর্নীতির তদন্তে গ্রেফতার মন্ত্রীঘনিষ্ঠ ব্যবসায়ী বাকিবুর রহমান। শনিবার তাঁকে আদালতে পেশ করে এমনই দাবি করেছে ইডি। তাদের দাবি, এই দুর্নীতির জাল অনেক দূর বিস্তৃত। ইডির আবেদনের ভিত্তিতে বাকিবুরকে সোমবার পর্যন্ত ইডি হেফাজতে পাঠিয়েছে আদালত।এদিন আদালতে ইডি হেফাজতে বাকিবুরের জন্য বাইরের খাবার সরবরাহের অনুমতি চান তাঁর আইনজীবী। ইডি তাতে আপত্তি জানায়। ইডির আইনজীবী বলেন বাকিবুরকে ভালো মানের খাবার দেওয়া হবে। ফলে এই নিয়ে উদ্বিগ্ন হওয়ার কারণ নেই।

বলে রাখি, রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের মেয়ে ২০২৩ -২৪ অর্থবর্ষে প্রায় ২.৫ কোটি টাকার আয়কর রিটার্ন দাখিল করেছেন বলে সূত্রের খবর। গৃহশিক্ষকতাকে আয়ের উতস হিসাবে জানিয়েছেন তিনি। বিরোধীদের প্রশ্ন, গৃহশিক্ষকতা করে বছরে আড়াই কোটি টাকা উপার্জন করা যায় কোন মন্ত্রে?রেশন বণ্টন দুর্নীতির তদন্তে গত বুধবার থেকে ৫৫

এরপর ৩ পাতায়

## অভিষেকের দেবীস্তোত্র পাঠ, নজরুল মঞ্চ ভিন্ন কণ্ঠে শুনল তৃণমূলের সেনাপতিকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি অক্টোবর মাস যেন তাঁর অন্য অভিষেকের মাস। ২ থেকে ৯ তারিখ দিল্লির রাজঘাট, যন্তর মন্তর, কৃষিভবন হয়ে কলকাতার রাজভবন - আন্দোলনের ময়দানে তৃণমূলের সেনাপতির এক রূপান্তর দেখেছিল রাজ্য। তার দিন পাঁচেক পরে আবার চমক! মহালয়ার বিকেলে কলকাতার নজরুল মঞ্চে যখন চণ্ডীপাঠের সংস্কৃত স্তোত্র উচ্চারিত হল অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কণ্ঠে, উপস্থিত প্রায় সকলেই খানিক নড়েচড়ে বসেন। পায়ের চোট ও সংক্রমণের কারণে বাড়ি থেকেই ভার্চুয়াল মাধ্যমে দলের মুখপত্রের উতসব সংখ্যার উদ্বোধন করেন মমতা। চিকিৎসকদের বারণ, তাই সশরীরে নজরুল মঞ্চে যেতে পারেননি মুখ্যমন্ত্রী। সংক্ষিপ্ত বক্তব্যে রাজ্যের মানুষের কাছে মমতার আবেদন - উৎসবের মরসুমে, পুজোর মরসুমে কেউ যেন কোনও প্ররোচনার ফাঁদে পা না-দেন। অভিষেকের বক্তৃতাও ছিল নাতিদীর্ঘ। তবে তাতেও নাম না-করে বিজেপিকে কটাক্ষ করেছেন তৃণমূলের সেনাপতি। তিনি বলেন, ''বাংলার কৃষ্টি, সংস্কৃতিকে আক্রমণ করে যাঁরা বলেছিলেন এই রাজ্যে দুর্গাপুজো হয় না, আজকে তাঁরাই বাংলায় পুজো উদ্বোধন করতে আসছেন। এটাই বাংলার ঐতিহ্যের জয়।'' প্রসঙ্গত, মধ্য কলকাতার একটি পুজো উদ্বোধনে কলকাতায় আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। আসার কথা বিজেপির সর্বভারতীয় সভাপতি জগতপ্রকাশ নড্ডারও। রাজ্য সরকারের উদ্যোগের ফলেই যে বাংলার দুর্গাপুজো আবহমান ঐতিহ্যের তকমা পেয়েছে তা-ও উল্লেখ করেন অভিষেক।মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অতীতে অনেক বারই বিভিন্ন মঞ্চে সংস্কৃত স্তোত্র পাঠ করেছেন। কিন্তু তৃণমূলের কেউই মনে

এরপর ৩ পাতায়

## হামাস বাহিনীর সঙ্গে ইজরায়েলের সংঘর্ষ, প্যালেস্টাইনের সমর্থনে কলকাতায় শান্তি মিছিল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এ দেশে আগমনি সুর। আর মধ্যপ্রাচ্যে যুদ্ধ। একে অপরের বিরুদ্ধে রক্তক্ষয়ী সংঘর্ষে জড়িয়েছে ইজরায়েল ও প্যালেস্টাইন ।গাজা ভূখণ্ড নিয়ে উভয়ের মধ্যে লাগাতার সংঘর্ষে প্রাণ যাচ্ছে নিরীহ, সাধারণ মানুষের। প্যালেস্টাইনের হামাস বাহিনীর উপর হামলা, পালটা হামলার থরহরিকম্প পরিস্থিতিতে বিপদে ভারতীয়রাও।

এর আগে বিশ্বশান্তির জন্য কলকাতার রাজপথে মিছিল, সভা হয়েছে। যে কোনওরকম হামলা, অত্যাচারের বিরোধিতায় গর্জে উঠেছে এই শহর, এখানকার নাগরিক সমাজ। সদ্য রাশিয়া-ইউক্রেনের মধ্যে ভয়াবহ যুদ্ধ পরিস্থিতিতেও এমন দৃশ্যের সাক্ষী থেকেছে এ শহর। এবার চলছে প্যালেস্টাইন-ইজরায়েল যুদ্ধ। সেই যুদ্ধ থামিয়ে শান্তি প্রতিষ্ঠার আবেদন নিয়ে মিছিলে শামিল হল পশ্চিমবঙ্গ জমিয়ত উলামায় হিন্দ।তাঁদের উদ্ধারে ভারত সরকার শুরু করেছে 'অপারেশন অজয়'। এখনও পর্যন্ত দেশে চারশোর বেশি ভারতীয় নিরাপদে ফিরতে পেরেছেন। এই পরিস্থিতির প্রভাব পড়ল কলকাতাতেও। শনিবার দুপুরে কলকাতায়


এরপর ৩ পাতায়




এক নজরে আমাদের ফলাফল – 2023

| BOARD/COUNCIL | | মোট পরীক্ষার্থী | স্টার | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBCHSE | ছাত্রী | ২৮ | ১২ | ১৬ | .......... | ৪৫২ (৯০.৪%) |
| | ছাত্র | ২৬ | ০৬ | ২০ | .......... | ৩৯৬ (৭৯.২%) |
| সর্বমোট | | ৫৪ | ১৮ | ৩৬ | .......... | ... |





## কথা কাটাকাটির মধ্যেই

# এলোপাথাড়ি কোপ, ভরা বাজারে শ্যালকে 'খুন'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভরা রাস্তা। রাস্তার দু'ধারের দোকানও খোলা। আচমকাই চিৎকার চেঁচামেচি। দুই যুবকের মধ্যে ব্যাপক অশান্তি হচ্ছে। আশপাশের সকলে তাঁদের থামানোরও চেষ্টা করছেন। কিন্তু তাঁদের সে অর্থে বোঝানো যাচ্ছেন। আচমকাই এক যুবক পকেট থেকে ধারাল অস্ত্র বার করে এলোপাথাড়ি কোপাতে শুরু করেন অন্য জন।

স্থানীয় বাসিন্দারা ওয়াজেদকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে বিএনবসু হাসপাতালে নিয়ে যান। সেখানে তাঁর অবস্থার অবনতি হওয়ায় তাঁকে কলকাতার হাসপাতালে স্থানান্তরিত করা হয়। হাসপাতালে নিয়ে যাওয়ার সময় রাস্তাতেই মৃত্যু হয় ওয়াজেদের। খবর পেয়ে ঘটনাস্থলে যায় টিটাগড় থানার পুলিশ। অভিযুক্ত জামাইবাবু মহম্মদ আমজাদ ওরফে বাবলুকে গ্রেফতার করেছে টিটাগর থানার পুলিশ।হাতে অস্ত্র দেখে ততক্ষণে ভয়ে সরে গিয়েছেন বাকিরাও। কোনওক্রমে কয়েকজন তাঁকে পিছন থেকে জাপটে ধরেন। কিন্তু অপর যুবকের শরীরে একাধিক ক্ষত তৈরি হয়েছে। হাসপাতালে নিয়ে যাওয়ার পর মৃত্যু হয় ওই যুবকের। পরে জানা যায়, যাঁর মৃত্যু হয়েছে, তিনি সম্পর্কে অভিযুক্তের শ্যালক। শুক্রবার চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে টিটাগর বাজার এলাকায়। পুলিশ জানিয়েছে, মৃতের নাম ওয়াজেদ আলি।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দু'জনের মধ্যে আগে থেকেই অশান্তি ছিল। শুক্রবার দুপুরের বাজারের মধ্যে তাঁদের মধ্যে কথা কাটাকাটি শুরু হয়। প্রত্যক্ষদর্শীদের মধ্যে কয়েক জন তাঁদের সামলানোর চেষ্টা করেন। কিন্তু পরিস্থিতি সামলানো যায় না। অভিযোগ, আচমকাই পকেট থেকে ছুরি বার করে এলোপাথাড়ি কোপাতে থাকে।

## প্রিয়ঙ্কার বিরুদ্ধে নির্বাচন কমিশনে

# অভিযোগ করল বিজেপি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রিয়ঙ্কা গান্ধীর বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি ভাঙার অভিযোগ তুলল বিজেপি। এ বিষয়ে নির্বাচন কমিশনে অভিযোগ জানানো হয়েছে পদ্মশিবিরের তরফে। গত ৯ অক্টোবর নির্বাচন কমিশন ঘোষণা করেছে ২৩০ আসনের মধ্যপ্রদেশে এক দফায় ভোটগ্রহণ হবে ১৭ নভেম্বর। গণনা হবে ছত্তীসগঢ়, রাজস্থান, তেলঙ্গানা, মিজোরামের সঙ্গে আগামী ৩ ডিসেম্বর। ২০১৮-র বিধানসভা ভোটে জিতে মধ্যপ্রদেশে কংগ্রেস ক্ষমতা দখল করলেও দেড় বছরের মাথাতেই জ্যোতিরাদিত্য শিন্ডের সাহায্যে দু'ডজন বিধায়ক ভাঙিয়ে মুখ্যমন্ত্রী কমল নাথের সরকারের পতন ঘটিয়েছিল বিজেপি। মুখ্যমন্ত্রী হয়েছিলেন শিবরাজ সিংহ চৌহান। এ বার একাধিক জনমত সমীক্ষার ইঙ্গিত, কংগ্রেস নিরঙ্কুশ গরিষ্ঠতা পেতে পারে ওই রাজ্যে। বিজেপির দাবি, ভোটঘোষণার পরেও মধ্যপ্রদেশের মান্ডলায় গিয়ে স্কুলপড়ুয়াদের মাসিক বৃত্তি দেওয়ার কর্মসূচি ঘোষণা করেছেন। বিজেপি শাসিত মধ্যপ্রদেশের পাশাপাশি কংগ্রেস শাসিত ছত্তীসগঢ়ের জন্যও প্রিয়ঙ্কা ওই বৃত্তি কর্মসূচির কথা ঘোষণা করেন। বিজেপির দাবি, প্রিয়ঙ্কার ওই ঘোষণা ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনের পরিপন্থী।

মধ্যপ্রদেশ বিজেপির আইন সেলের নেতা পঙ্কজ ওয়াধওয়ানি শনিবার বলেন, "১২ অক্টোবর মান্ডলার সভায় প্রিয়ঙ্কা প্রথম থেকে দ্বাদশ শ্রেণির প্রত্যেক পড়ুয়াকে মাসিক ৫০০ থেকে ১,৫০০ টাকা বৃত্তি দেওয়ার কথা ঘোষণা করেন। আদর্শ নির্বাচনী আচরণবিধি অনুযায়ী ভোটঘোষণার পরে কোনও রকম আর্থিক প্রলোভন দেখানো যায় না। কিন্তু প্রিয়ঙ্কা সেই কাজটি করেছেন। তাই আমরা নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছি।"

## রুপো চুরির দায়ে বাংলার ২ পরিযায়ী

# শ্রমিককে পিটিয়ে খুন গুজরাটে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রুপো চুরির অভিযোগে বাংলার ২ পরিযায়ী শ্রমিককে পিটিয়ে খুন করার অভিযোগ উঠল গুজরাটে। মৃতদের নাম হল রাহুল শেখ (২৫) এবং মীনু শেখ (২৬)। ঘটনাটি ঘটেছে গুজরাটের রাজকোটের থোরালা এলাকায়। একটি রুপোর গহনা তৈরির কারখানায় কাজ করতেন দুজনে। সেই কারখানার মালিকসহ অন্যান্য কর্মীদের বিরুদ্ধে তাঁদের পিটিয়ে খুন করার অভিযোগ ঘটেছে।অভিযুক্ত পুলিশকে জানায় , রাহুলকে রুপো চুরির অভিযোগে ৭ মাস আগে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছিল। মালিকরা রুপোর ঘাটতি খুঁজে পেয়ে তাঁর উপর নজরদারি শুরু করে। এই ঘটনার ১০ দিন আগে তাঁকে আবার নিয়োগ করা হয়েছিল। পুলিশের ডেপুটি কমিশনার (জোন-১) এস ভি পারমার বলেন, 'আমরা মামলাটি তদন্ত করছি এবং এই খুনের সঙ্গে আরও শ্রমিক জড়িত কিনা তা জানার চেষ্টা করছি। আমরা সিসিটিভি ফুটেজ ইত্যাদির মতো প্রমাণও সংগ্রহ করছি। যার পরে আমরা একটি অপরাধের মামলা নথিভুক্ত করব।'এই ঘটনায় পুলিশ কারখানার মালিক সাগর সাভালিয়া, ম্যানেজার বিপুল মোলিয়া এবং কারখানার কর্মচারী হিমালয় ও ধবল সহ ৭জনকে আটক করেছে। এছাড়াও, তন্ময় এবং প্রদীপ নামে আরও ২ ব্যক্তি ওই শ্রমিকদের কারখানার কাজে লাগিয়েছিলেন। তাদেরকে আটক করেছিল পুলিশ, পাশাপাশি কারখানার নিরাপত্তারক্ষীকেও আটক করেছিল। তবে তাদেরকে ছেড়ে দেওয়া হয়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, শুক্রবার কারখানার ওই দুই শ্রমিককে অচেতন অবস্থায় পড়ে থাকতে নিরাপত্তারক্ষী। তখনই তিনি ১০৮ নম্বর ডায়াল করে অ্যাম্বুলেন্সে খবর দেন। একই সঙ্গে পুলিশকে ফোন করে বিষয়টি জানান। পরে পুলিশ গিয়ে তাদের মৃতদেহ উদ্ধার করে নিয়ে যায়। দুজনের শরীর আঘাতের চিহ্ন পাওয়া গিয়েছে। তার ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে পুলিশ জানতে পারে, ওই কারখানায় সম্প্রতি ৩ কেজি রুপো উধাও ছিল। তখন কারখানায় কর্মরত ২৫ জন শ্রমিকের কাছে তল্লাশি চালায় ম্যানেজার এবং নিরাপত্তারক্ষীরা। সেই সময় রাহুলের কাছ থেকে ১০০ গ্রাম রুপো খুঁজে পান নিরাপত্তারক্ষীরা।জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে কাজ করার পর রাহুলের বাড়ি ফেরার কথা ছিল। তিনি চুরির কথা স্বীকার করে নেন। এরপরে জানান, বাড়িতে অর্থের প্রয়োজনীয়তার কারণে তিনি রুপো চুরি করেছিলেন। সঙ্গে জানান মীনুর সাহায্য নিয়ে ওই রূপো বাজারে বিক্রি করার পরিকল্পনা ছিল তাঁর। যদিও পুলিশ জানতে পেরেছেন মীনু ওই কারখানায় কাজ করতেন না।এরপর কারখানার মালিক রাহুলকে বলে মীনুকে ডাকতে। এরপর তিনি সেখানে এলেই তাঁদের দুজনকে উপরের তলায় নিয়ে যাওয়া হয় । সেখানে তাঁদের কাঠ এবং প্লাস্টিকের লাঠি দিয়ে মারধর করা হয়। মারধরের ফলে তাঁরা অচেতন হয়ে পড়েন। নিরাপত্তারক্ষীর ঘরে তালা দিয়ে চলে যায়। সকালে অন্য এক নিরাপত্তাকর্মী ঘরটি খুললে দুজনকে মৃত অবস্থায় দেখতে পান।

## দুর্নীতির টাকা গুছিয়ে রাখার দায়িত্ব ছিল

# অভিষেকের পিএ-র, দাবি শুভেন্দুর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হয়ে টাকা সংগ্রহের কাজ করতেন তাঁর আপ্ত সহায়ক সুমিত রায়। নন্দীগ্রামে দাঁড়িয়ে শনিবার এমনই দাবি করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সোমবার সুমিত রায়কে বিধাননগরের সিজিও কমপ্লেক্সে তলব করেছে ইডি। তার আগেই তাঁকে নিয়ে বোমা ফাটালেন শুভেন্দু।এর আগে নিয়োগ দুর্নীতিতে লিপস অ্যান্ড বাউন্ডসের যোগ খুঁজতে অভিষেক, তাঁর স্ত্রী ও বাবা - মাকে তলব করেছিল ইডি। এর মধ্যে অভিষেককে রক্ষাবচ দেয় আদালত। অভিষেকের স্ত্রী গত বৃহস্পতিবার ইডি দফতরে হাজিরা দিলেও অভিষেকের মা লতা বন্দ্যোপাধ্যায় ও বাবা অমিত বন্দ্যোপাধ্যায় হাজিরা এড়িয়েছেন। এবার দেখান সোমবার মামলা আগে হাইকোর্টে ওঠে না কি সুমিতবাবু আগে সিজিও কমপ্লেক্সে পৌঁছন।এদিন শুভেন্দুবাবু বলেন, 'অভিষেকের পিএ হল কালেক্টর।ফলের ঝুড়িতে টাকা আসত। আর সেই টাকা গুছিয়ে রাখত ও। ইডি সঠিক জায়গায় হাত দিয়েছে। এবার মনে হচ্ছে তদন্ত সঠিক পথে এগোচ্ছে। সুমিতকে চেপে ধরলেই সব তথ্য বেরিয়ে আসবে।'

বলে রাখি, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আপ্ত সহায়ক সুমিত রায়কে সোমবার সিজিও কমপ্লেক্সে তলব করেছে ইডি। শুক্রবার তাঁকে নোটিশ পাঠান তদন্তকারীরা। সেদিনই ইডির তলবকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন সুমিতবাবু। আদালতে রক্ষাকবচের আবেদন করেছেন তিনি।

## দত্তক নেওয়ার

# আইনি প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা কেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এদেশে অনাথ শিশুর সংখ্যা ৩ কোটিরও বেশি। সেখানে বছরে দত্তক নেওয়া হয় মাত্র ৪ হাজার শিশুকে। বহু দম্পতিকেই দত্তক নেওয়ার জন্য আবেদন করেও দীর্ঘ প্রতীক্ষা করতে হয়। এক স্বেচ্ছাসেবী সংস্থার তরফে সুপ্রিম কোর্টে আবেদন করা হয়েছিল এই দীর্ঘসূত্রিতার অভিযোগ জানিয়েই।প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূরের নেতৃত্বাধীন বেঞ্চ জানাচ্ছে, 'দত্তক নেওয়ার ক্ষেত্রে অত্যন্ত বিলম্ব করা হচ্ছে। দম্পতিদের তিন থেকে চার বছর অপেক্ষা করতে হচ্ছে। আমরা কেন দত্তক নেওয়ার বিষয়টিতে বিলম্ব করছি? কেন সেন্ট্রাল অ্যাডপটেশন রিসোর্স অথোরিটি এই ব্যাপারে কিছু করছে না?' দত্তক নেওয়ার প্রক্রিয়ার এই জটিলতা ও বিলম্বের ত্রুটির দিকগুলি চিহ্নিত করে একটি রিপোর্ট দেওয়ার জন্য কেন্দ্রকে নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

সেই আবেদন সাড়া দিল শীর্ষ আদালত। দত্তক নেওয়া সংক্রান্ত আইনি প্রক্রিয়াকে দ্রুততর করতে নির্দেশ দিল মোদি সরকারকে।

বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে সুপ্রিম কোর্ট । স্বেচ্ছাসেবী সংস্থা 'টেম্পল অফ হিলিং'-এর প্রতিষ্ঠাতা পীযূষ সাক্সেনার আবেদনের ভিত্তিতে শীর্ষ আদালত কেন্দ্রের কাছে প্রশ্ন রেখেছে, কেন এই দত্তক নেওয়ার প্রক্রিয়াকে আরও সরল করা হয়নি। শিশু দত্তক নেওয়ার বিষয়টিকে 'মানবিক বিষয়' বলে উল্লেখ করে সুপ্রিম কোর্ট জানিয়েছে, বহু শিশু একটা উন্নততর জীবনের জন্য প্রতীক্ষা করে রয়েছে।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার
সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা
সাংবাদিকরা কাগজের সঙ্গে
যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

## উত্তরাখণ্ডে 'মাস্ট ভিজিট'

# পর্যটনস্থলের হদিশ দিলেন মোদী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সপ্তাহের শুরুতেই উত্তরাখণ্ড সফরে গিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । পিথোরাগড়ে ৪২০০ কোটি টাকার একাধিক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তি প্রস্থর স্থাপন করেন তিনি। এই কর্মসূচির ফাঁকেই পার্বতী কুণ্ডে পুজো দিয়েছিলেন প্রধানমন্ত্রী মোদী। আদি কৈলাশের কাছে প্রার্থনাও করেন।কুমায়ুনের এই দুই স্থানেই সম্প্রতি গিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেই দুই স্থানেরই প্রচার করে এ দিন প্রধানমন্ত্রী টুইটে লেখেন, "এই দুই স্থানেরই প্রাকৃতিক সৌন্দর্য্য ও দেব মাহাত্ম্য আপনাকে মন্ত্রমুগ্ধ করে দেবে। অবশ্যই উত্তরাখণ্ডের অনেক দর্শনীয় স্থান রয়েছে, আমিও সেই জায়গাগুলিতে গিয়েছি বেশ কয়েকবার। এরমধ্যে কেদারনাথ ও বদ্রীনাথও রয়েছে, যা সবথেকে মনে রাখার মতো অভিজ্ঞতা ছিল। কিন্তু বহু বছর পর পার্বতী কুণ্ড ও জগেশ্বর মন্দিরে গিয়ে বিশেষ অনুভূতি হল।"এবার উত্তরাখণ্ডে পর্যটনের প্রচারে নামলেন প্রধানমন্ত্রী।

প্রতি বছরই লাখ লাখ পর্যটক উত্তরাখণ্ডে যান। দেবভূমিতে গেলে কোন কোন জায়গায় অবশ্যই যাওয়া উচিত, তার তালিকাও তৈরি করেন অনেকে। এবার পর্যটকদের ও মাস্ট ভিজিট স্থানের হদিশ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এ দিন তিনি টুইট করে লেখেন, যদি কেউ উত্তরাখণ্ডের দর্শনীয় স্থান কোন জায়গাগুলি, তা জানতে চান, তবে আমি বলব অবশ্যই পার্বতী কুণ্ড ও জগেশ্বর মন্দির।

১-ম পাতার পর

# অভিষেকের দেবীস্তোত্র পাঠ, নজরুল মঞ্চ ভিন্ন কণ্ঠে শুনল তৃণমূলের সেনাপতিকে

করে বলতে পারছেন না, দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেককে আগে কোনও প্রকাশ্য কর্মসূচিতে এমন স্তোত্রপাঠ করতে শুনেছেন কি না! দলের মুখপত্রের উতসব সংখ্যা প্রকাশ অনুষ্ঠানে ধীর এবং স্পষ্ট বাচনভঙ্গিতে ডায়মন্ড হারবারের সাংসদ পাঠ করলেন, ''ইয়া দেবী সর্বভূতেষু..."। দলের এক প্রবীণ নেতা জানালেন, ঘরোয়া অনুষ্ঠানে অভিষেক এর আগে স্তোত্রপাঠ করেছেন। তবে এত বড় প্রকাশ্য কর্মসূচিতে করেছেন বলে তাঁর মনে পড়ছে না।রাজনৈতিক কর্মসূচিতে অভিষেক রবীন্দ্রনাথ ঠাকুর, নজরুল ইসলাম, সুকান্ত ভট্টাচার্যদের কবিতা উদ্ধৃত করেন। রাজভবনের সামনের ধর্নামঞ্চের শেষ দিন সুকান্তের কবিতা থেকে উদ্ধৃত করে বলেছিলেন, "আদিম হিংস্র মানসিকতার আমি যদি কেউ হই/ স্বজন হারানো শশ্মানে তোদের চিতা আমি তুলবই।" অভিষেকের সেই ধর্না কর্মসূচিতে এমন এমন ফ্রেম তৈরি হয়েছিল রাজভভনের উত্তর গেটের অদূরে রেড ক্রস প্লেসে, তাতে অনেকেই মমতার সেই আন্দোলনের ছাঁচ দেখতে পেয়েছিলেন। তৃণমূলের অনেকে ফ্ল্যাশব্যাকে দেখতে শুরু করেছিলেন দিদির সেই ঝোড়ো দিনগুলিকে। শনিবারের নজরুল মঞ্চে অভিষেকের স্তোত্রপাঠও মনে করাল দিদির কথাই।

১-ম পাতার পর

# হামাস বাহিনীর সঙ্গে ইজরায়েলের সংঘর্ষ, প্যালেস্টাইনের সমর্থনে কলকাতায় শান্তি মিছিল

প্যালেস্টাইনের সমর্থনে শান্তি মিছিল হয়ে গেল। রাজাবাজার চৌরাস্তা থেকে রামলীলা ময়দান পর্যন্ত মিছিলে হাঁটলেন অনেকেই।

এদিনের শান্তি মিছিলের উদ্যোক্তা ছিল পশ্চিমবঙ্গ জমিয়ত উলামায় হিন্দ। নেতৃত্বে সিদ্দিকুল্লাহ চৌধুরী। দুপুর ১২টায় রাজাবাজার চৌরাস্তা থেকে শুরু হয়ে শিয়ালদহ-মৌলালি হয়ে মিছিল পৌঁছয় রামলীলা ময়দানে। ব্যানারে লেখা - 'ফিলিস্তিনের উপর ইসরায়েলের বর্বরোচিত হামলার পরিপ্রেক্ষিতে শান্তির আহ্বানে প্রতিবাদ মিছিল।' সিদ্দিকুল্লাহ চৌধুরীর নেতৃত্বে মিছিল পৌঁছল রামলীলা ময়দানে। সেখানে প্যালেস্টাইনে শান্তি প্রতিষ্ঠার পক্ষে সংক্ষিপ্ত বক্তব্য রাখলেন পশ্চিমবঙ্গ জমিয়ত উলামায় হিন্দের সদস্যরা।

১-ম পাতার পর

# কেন্দ্রের পাঠানো গম খোলা বাজারে বিক্রি করেছেন বাকিবুর, আদালতে বলল ইডি

ঘণ্টা তল্লাশির পর শুক্রবার দুপুরে বাকিবুর রহমান নামে ওই ব্যবসায়ীকে গ্রেফতার করেন ইডির গোয়েন্দারা। বাগুইআটিতে তাঁর বিলাসবহুল ফ্ল্যাট থেকে উদ্ধার হয় প্রচুর নথি। একটি খাতা। সঙ্গে ব্যবসায়ীর একাধিক মোবাইল ফোন বাজেয়াপ্ত করেছে ইডি। এর পর বাকিবুরকে সিজিও কমপ্লেক্সে গিয়ে জেরা শুরু করে ইডি। এরই মধ্যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেন, 'বাকিবুর রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের ঘনিষ্ঠ।' স্বাভাবিক ভাবেই এই দাবি স্বীকার করেননি জ্যোতিপ্রিয় বা বাকিবুর কেউই।এদিন বাকিবুরকে আদালতে পেশ করে ইডি দাবি করে, অভিযুক্ত ব্যবসায়ী কেন্দ্রের পাঠানো রেশনের গম খোলা বাজারে বিক্রি করেছেন। রেশন ডিলারদের একাংশ ও দফতরের কিছু আধিকারিকের সঙ্গে হাত মিলিয়ে এই কাজ করেছেন তিনি।ইডির দাবি, কোনও রেশন ডিলারের কাছে যে পরিমাণ গম পাঠানো হত তার ৫০ - ৬০ শতাংশ বণ্টন করা হত সাধারণ মানুষের মধ্যে। বাকি গম চলে যেত খোলা বাজারে। কোন ডিলারের কাছে কত গম গিয়েছে তার খতিয়ানও উদ্ধারও হয়েছে বাকিবুরের বাড়ি থেকে। তবে সেই তালিকাকে অঙ্কের মতো মানতে নারাজ ইডির তদন্তকারীরা। তাদের আশঙ্কা দুর্নীতির পরিমান এর থেকেও বেশি।

# দেরি হলেও ইন্ডিয়া প্রথম জনসভা চায় নভেম্বরে নাগপুরে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নাগপুরেই ইন্ডিয়া-র প্রথম জনসভা করতে চাইছে বিরোধী শিবির। এই নভেম্বর মাসেই।রাজনৈতিক সূত্রের খবর, নাগপুর মহারাষ্ট্রের বিদর্ভ এলাকার প্রধান শহর। মহারাষ্ট্রে কংগ্রেস এই বিদর্ভ এলাকাতেই সব থেকে বেশি শক্তিশালী। কংগ্রেস, উদ্ধবের শিবসেনা ও এনসিপি মিলে জনসভার আয়োজন করবে। ইন্ডিয়া-র সব দলের শীর্ষ নেতাদেরই হাজির করার চেষ্টা হচ্ছে। প্রথমে ভোপালে ইন্ডিয়া-র প্রথম জনসভা হবে বলে ঠিক হলেও মধ্যপ্রদেশের কংগ্রেস নেতা কমল নাথের আপত্তিতে তা বাতিল হয়ে যায়। তার পরে এ মাসের শেষে নাগপুরে বৈঠক করা নিয়ে আগ্রহী ছিলেন কংগ্রেস এবং এনসিপির নেতারা। মমতা জানিয়েছিলেন, ওই সময়ে লক্ষ্মীপুজো থাকায় তাঁর পক্ষে যাওয়া সম্ভব হবে না।রাহুল গান্ধী, মল্লিকার্জুন খড়ো, শরদ পওয়ারের সঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়ের ফোনে কথাবার্তায় ৪-৫ নভেম্বর নাগপুরে ইন্ডিয়া-র প্রস্তাবিত বৈঠক নিয়ে কথা হয়েছিল। কিন্তু ৫ নভেম্বর মহারাষ্ট্রের প্রায় আড়াই হাজার পঞ্চায়েতে নির্বাচন রয়েছে।

এর মধ্যে সব থেকে বেশি গ্রাম পঞ্চায়েত নাগপুরে। সেই কারণে ওই সময়ে ইন্ডিয়া-র বৈঠক করা যাবে না বলে শরদ পওয়ার ইন্ডিয়া-র বিভিন্ন দলের নেতাদের জানিয়েছেন। তাই তা কিছু দিন পিছিয়ে দিতে হচ্ছে। তবে সম্ভব হলে ১২ নভেম্বর দীপাবলির আগেই নাগপুরে ইন্ডিয়া-র জনসভার আয়োজন করতে চাইছে এনসিপি, উদ্ধব ঠাকরের শিবসেনা ও কংগ্রেস। যদিও উৎসবের মরসুমে এই জনসভা কতখানি সফল হবে, তা নিয়ে সংশয় রয়েছে। ওই সময়ে পাঁচ রাজ্যের নির্বাচনের প্রক্রিয়াও শুরু হবে। কংগ্রেস সূত্রের খবর, দিনক্ষণ এখনও চূড়ান্ত না হলেও প্রথম জনসভা নাগপুরেই হবে। কারণ, নাগপুরে আরএসএসের সদর দফতর। সেখানেই ইন্ডিয়া-র প্রথম জনসভা করে বিজেপি-আরএসএসের 'বিভাজনকারী মতাদর্শ'-এর বিরুদ্ধে বার্তা দিতে চান বিরোধী নেতৃত্ব।

# ইজরায়লের এয়ার স্ট্রাইকে খতম হামাসের বায়ুসেনা প্রধান মুরাদ আবু মুরাদ

**ইজরায়েল, ১৪ অক্টোবর: নিউজ সারাদিন :** ইজরায়লের এয়ার স্ট্রাইকে মৃত হামাসের বায়ুসেনার প্রধান মুরাদ আবু মুরাদ ।ইজরায়েলের সংবাদমাধ্যমগুলির খবর অনুযায়ী, সেদেশের বায়ু সেনা ও সেনাবাহিনী যৌথভাবে হামাসের জঙ্গিদের বিরুদ্ধে লড়াই চালাচ্ছে। খুব দ্রুত তারা গাজা স্ট্রিপে নিজেদের আধিপত্য বিস্তার করতে পারবে বলেও মনে করছে ইজরায়েল সেনা। ইজরায়েল বায়ু সেনা একটি পোস্টে জানিয়েছে, "গতকাল রাতে ইজরায়েল বায়ু সেনার যুদ্ধবিমান গাজা স্ট্রিপের বিস্তীর্ণ এলাকায় হামলা চালিয়েছে। প্রায় ১২টির বেশি হামাসের ঘাঁটিতে গোলাবর্ষণ করা হয়। এই হামলায় হামাসের নুখাবা সন্ত্রাসবাদী সংগঠনের বেশ কয়েকটি ঘাঁটি নষ্ট হয়েছে।" মূলত, এই নুখাবার উপর ভিত্তি করেই ইজরায়েলে হামলা চালিয়েছিল হামাস ।হামাসের আকাশপথে একের পর এক হামলার পিছনে এই আবু মুরাদের হাত ছিল বলে জানিয়েছে ইজরায়েল। তাদের বায়ুসেনার তরফে অফিসিয়াল এক্স হ্যান্ডেলে একটি পোস্ট করা হয়েছে। সেখানে বলা হয়, শুক্রবার রাতে হামাসের বায়ুসেনার হেডকোয়ার্টারে এয়ার স্ট্রাইক করা হয়। এখান থেকে আবু মুরাদের নেতৃত্বে হামাস একের পর এক হামলা চালাচ্ছিল আকাশপথে। সেই হামলা বন্ধ করতেই হামাসের বায়ুসেনার হেডকোয়ার্টারে এয়ার স্ট্রাইক করে ইজরায়েল। ইজরায়েলের বায়ু সেনা ওই পোস্ট লেখে, "জঙ্গি সংগঠন হামাসের এই হামলায় নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে মুরাদ আবু মুরাদের বড় ভূমিকা ছিল। গাজা থেকে বসে সে হামাসের বায়ুসেনার হামলার পরিকল্পনা করছিল।" শুক্রবার রাতে গাজার প্রায় ১২টি জায়গায় এয়ার স্ট্রাইক করে ইজরায়েলের বায়ু সেনা। সেই জায়গাগুলিতে মূলত হামাসের কমান্ডো ঘাঁটি ছিল বলে জানা গিয়েছে। সেই কমান্ডো ঘাঁটিগুলি থেকেই গত ৭ অক্টোবর থেকে গাজা স্ট্রিপে হামলা চালাতে শুরু করে।

# নারী শক্তি বন্দন অধিনিয়ম সামঞ্জস্যপূর্ণ নীতি নির্ধারণের জন্য এক আদর্শ পরিবেশ তৈরি করবে : প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ১৩ই অক্টোবর ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মনে করেন যে, নারী শক্তি বন্দন অধিনিয়ম সামগ্রিকভাবে নারীদের সম্মানকে শক্তিশালী করে তুলবে এবং আইন প্রণয়নের ক্ষেত্রে সামঞ্জস্যপূর্ণ নীতি নির্ধারণের জন্য এক আদর্শ পরিবেশ তৈরি করবে।

এক্স মাধ্যমে কেন্দ্রীয় আইন ও ন্যায় বিচার মন্ত্রী শ্রী অর্জুন রাম মেঘওয়ালের করা একটি পোস্ট সকলের সঙ্গে ভাগ করে নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে বলা হয়েছে:

"কেন্দ্রীয় মন্ত্রী শ্রী অর্জুন রাম মেঘওয়াল লিখেছেন যে নারী শক্তি বন্দন অধিনিয়ম সামগ্রিকভাবে নারীদের সম্মানকে শক্তিশালী করে তুলবে এবং আইন প্রণয়নের ক্ষেত্রে সামঞ্জস্যপূর্ণ নীতি নির্ধারণের জন্য এক আদর্শ পরিবেশ তৈরি করবে।"

# পাসপোর্ট কেলেঙ্কারির তদন্তে

পাসপোর্ট কেলেঙ্কারির তদন্তে




**নয়াদিল্লি: নিউজ সারাদিন :** মহালয়ার সকালেই পাসপোর্ট কেলেঙ্কারির তদন্তে পশ্চিমবঙ্গ ও সিকিমের ৫০টি জায়গায় একসঙ্গে তল্লাশি শুরু করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। ইতিমধ্যেই ২৪ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। শিলিগুড়িতে অবস্থিত পাসপোর্ট সেবা লাগু কেন্দ্রের (পিএসএলকে) একজন সিনিয়র সুপারেন্টেন্ডেন্ট এবং এক দালালকে পাকড়াও করা হয়েছে।সিবিআইয়ের এক আধিকারিক জানিয়েছেন, সরকারি ও বেসরকারি সংস্থার ২৪ আধিকারিকের বিরুদ্ধে পাসপোর্ট নিয়ে দুর্নীতিতে যুক্ত থাকার অভিযোগে ইতিমদৃএ মামলা রুজু করা হয়েছে। তার মধ্যে ১৬ জন পাসপোর্ট ইস্যু করার মতো গুরুত্বপূর্ণ দায়িত্বে ছিলেন। অনবাসী ভারতীয় থেকে পাসপোর্ট পাওয়ার অযোগ্য লোকদের কাছ থেকে মোটা অঙ্কের টাকা নিয়ে পাসপোর্ট ইস্যু করেছেন। এই চক্রের সঙ্গে আরও কারা-কারা জড়িত তার হদিশ পেতেই এদিনের তল্লাশি।সিবিআই সূত্রে জানা গিয়েছে, সাধারণ মানুষকে দ্রুত পাসপোর্ট পাইয়ে দেওয়ার জন্য দেশের বিভিন্ন প্রান্তে পাসপোর্ট সেবা লাঘু কেন্দ্র চালু করেছিল বিদেশ মন্ত্রক। কিন্তু ওই সেবা কেন্দ্র দুর্নীতির আখড়া হয়ে উঠেছে বলে দীর্ঘদিন ধরেই অভিযোগ উঠছিল। মোটা টাকার বিনিময়ে জাল নথি তৈরির মাধ্যমে পাসপোর্ট পাইয়ে দেওয়া হচ্ছিল। কলকাতা, শিলিগুড়ি, গ্যাংটক-সহ অন্যান্য স্থানে থাকা পিএসএলকে'র আধিকারিকদের বিরুদ্ধে দুর্নীতির ভুরিভুরি অভিযোগ জমা পড়েছে।



ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৮৪ সংখ্যা ১৫ অক্টোবর, ২০২৩ রবিবার ২৭ আশ্বিন, ১৪৩০

## সম্পাদকীয়

# দলের মুখপত্রের উৎসব সংখ্যার উদ্বোধনে বললেন মমতা

শারদোৎসবের দিনগুলি হয়ে উঠুক শান্তিপূর্ণ। বিদ্বেষমূলক বক্তব্য থেকে শুরু করে, প্ররোচনা এবং উত্তেজনা থেকে সর্বস্তরের মানুষকে দূরে থাকার বার্তা দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শনিবার দক্ষিণ কলকাতার নজরুল মঞ্চে তৃণমূলের মুখপত্রের উতসব সংখ্যার উদ্বোধন ছিল। সেখানে ছিলেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, কলকাতার মেয়র ফিরহাদ হাকিম, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু প্রমুখ।এ বার পুজোয় দলের নতুন প্রজন্মের জন্য বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'আমার প্রায় ১৩৫ টি বই আছে। আমাদের যারা নতুন প্রজন্ম, তারা অনেকেই পুরনো দিনের আন্দোলনের কথা জানেন না। সেগুলো জানবার জন্য এই বইগুলো কিনুন। কিনে বইগুলি পড়ুন। তৃণমূল কেন তৈরি হয়েছিল, উপলব্ধি কি? মানবিক কি? জনতার দরবার কি? আর কবিতা বিতানে এক হাজার কবিতা আছে। সেগুলি ইংরেজিতেও রয়েছে।' সঙ্গে তাঁর আরও সংযোজন, 'বিশ্বকে জানতে গেলে ভারতবর্ষকে জানতে গেলে আন্দোলনকে জানতে গেলে সংগ্রামকে জানতে গেলে এই বইগুলি পড়তে হবে, আমার একটি বই আছে আলোকবর্তিকা। ছোট্ট ছোট্ট কথার মাধ্যমে, যখনই জীবনে কোনও সঙ্কট আসবে, সেটা যদি আপনারা পড়ে দেখেন আপনারা তার থেকেই সঙ্কট সুরাহা করতে পারবেন। আমাদের ছোট্ট ছোট্ট ভাই বোনেরা যাঁরা এই মুহূর্তে স্টুডেন্ট, ইয়ং জেনারেশন। যারা ২০০১ সালের পর জন্মগ্রহণ করেছেন, বা যারা ২০১০ সালের পর জন্মগ্রহণ করেছেন, তাদের আমি অনুরোধ করব এই বইগুলি পড়ার।'সেই কর্মসূচিতে কালীঘাটের বাসভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে হাজির হয়েছিলেন মমতা। তিনিই উতসব সংখ্যার উদ্বোধন করেন। সেখানে নিজের সংক্ষিপ্ত বক্তব্যে মুখ্যমন্ত্রী বলেন, 'আমি আপনাদের সবাইকে শুভ শারদীয়া জানাই। এই সময় কোনও বিদ্বেষ নয়, আমরা সবাই এক। ধর্ম সব আপনার আপনার, উতসব কিন্তু সবার। এই কথাটি মাথায় রেখে, সবাইকে নিয়ে চলুন আমরা এগিয়ে যাই।' তিনি আরও বলেন, 'আমি যখন বিশ্ববাংলা লোগোটি এঁকেছিলাম তখন বুঝতে পারিনি এ ভাবে এটা বিশ্বের মঞ্চে সমাদৃত হবে। আমাদের দুর্গাপুজো ইউনেস্কোর হেরিটেজ তকমা পেয়েছে। ট্যুরিজমের ডেস্টিনেশনে আজ পশ্চিমবঙ্গ সিলেক্ট হয়েছে। কন্যাশ্রী ইউনাইটেড নেশনের পুরস্কার পেয়েছে, সবুজ সাথীও ইউনেস্কোর পুরস্কার পেয়েছে, সুতরাং কয়েকটা লোক কি বলল, না বলল, তাতে কিছু এসে যায় না। তাদের কথা শুনবেন, কিন্তু ইগনোর করবেন। ইগনোর করাটাই বেটার। আজকের দিনে তাই আমি সবাইকেই শুভেচ্ছা জানাচ্ছি। আশা করব পুজোর ক'দিন বিদ্বেষ না ছড়িয়ে মায়ের কাছে শুভর জন্য প্রার্থনা করার। আর কোনও দিকে প্ররোচনায় পা দেবেন না, কোনও উত্তেজনায় পা দেবেন না।পাড়া প্রতিবেশী সকলে পুলিশের সঙ্গে সমন্বয় করে চলবেন, যাতে শান্তিপূর্ণ ভাবে পুজো সব জায়গায় সম্পন্ন হয়।'

২০১১ সালে মুখ্যমন্ত্রী হিসেবে রাজ্যের দায়িত্ব নেওয়ার পর থেকেই কলকাতার বিভিন্ন মণ্ডপে গিয়ে পুজোর উদ্বোধন করেন মমতা। কিন্তু এ বার অসুস্থতার কারণে মণ্ডপে মণ্ডপে গিয়ে উদ্বোধন সম্ভব হয়নি। যেতে পারেননি দলের উতসব সংখ্যার উদ্বোধনেও। সেই প্রসঙ্গে মমতা বলেন, 'আজকের দিন শুভ মহালয়া। আমি ফিজিক্যালি যেতাম। আমার ইনফেকশনটা অনেকটাই কন্ট্রোলে চলে এসেছে। এমন ইনফেকশন হয়ে গিয়েছিল যে, আপনারা কোনও দিন ভাবতেও পারবেন না, আফটার ওটি। সেখান থেকে সব কিছু নরমালাইজ করার জন্য চেষ্টা হচ্ছে। এই ১৫টি দিন আমাকে কী ভাবে সংঘর্ষ করতে হয়েছে, জীবন মৃত্যুর সঙ্গে লড়াই করে এই জায়গায় দাঁড়িয়ে আছি।' তিনি আরও বলেন, 'আশা করি আর কয়েক দিনের মধ্যেই ব্যথাটা কমে যাবে। এখনও ব্যথা আছে। এটা হেলিকপ্টার থেকে পড়ে গিয়ে আমার লেগেছিল। দ্বিতীয় চোট বার্সেলোনায় লাগে। কিন্তু সেই অবস্থায় আমি ফিরে না এসে, আমি ইন্টারন্যাশনাল পর্যায়ের সব অনুষ্ঠান শেষ করে এসে হাসপাতালে ছুটে যাই। তার পরেই প্রচন্ড ইনফেকশন হয়। আমাকে আইভি করে স্যালাইনের মত চ্যানেল করে ইঞ্জেকশন দেওয়া হয়েছে। আমি মানসিক ভাবে সুস্থ। পায়ে একটু সমস্যা আছে, তাও দ্রুত শেষ সেরে যাবে কয়েক দিনের মধ্যে।'


# নিউজ সারাদিনের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের পরিবারে নিরাপত্তার অভাব

স্বতন্ত্র মাধ্যমকে বলা হয় সংবাদপত্র বা ডিজিটাল মিডিয়া, ইলেকট্রিক মিডিয়া সহ অন্যান্য মাধ্যমকে। আর এই স্বতন্ত্র সম্পাদনা যারা করে তারা সর্বদাই রাজনীতি থেকে মুক্ত থাকতে হয় এটাই হচ্ছে সত্য বা স্বতন্ত্রের পরিকাঠামো, সেটা আইনগতভাবে বৈধ ভাবমূর্তি ও রয়েছে। সংবাদ মাধ্যমের সম্পাদনার যা চরিত্র তা পুরোপুরি নিরপেক্ষ থাকাই দরকার, আর সেটা কুড়ি বছর ধরে সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার যথাযথভাবে পালন করছে। একশ্রেণীর মূর্খ রাজনৈতিক নেতারা এই সম্পাদক পরিবারের রাজনীতি করাতে বাধ্য করছে বহু ক্ষেত্র। ২০০৭ সাল থেকে আজকের ২০২৩ সাল পর্যন্ত বারবার মৃত্যুর সম্মুখীন হয়েছে সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার। বহুভাবে সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার কে মেরে ফেলার চেষ্টা যেন অব্যাহত রয়েছে, গতকাল বিকালে সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের পিতাকে রাস্তায় আটকে হুমকিস্বরে জমি জায়গা দলিল দেখানোর কথা বলে এক নেতা। কয়েকজন ব্যক্তিকে সঙ্গে নিয়ে, এইভাবে জোট জুলুম করে জমি জায়গার কেড়ে নেওয়ার পরিকল্পনা এইসব নেতাদের। সেই কারনে কী পরিবারের জমি জায়গা জোরপূর্বক নেওয়ার জন্য দখলে থাকা জমিগুলো রেকর্ড অন্য লোকের নামে করেছে নেতারা,তাহলে কি প্রশাসনের একাংশ যুক্ত এই কাজে ?আর এসবের প্রতিবাদ করছে বলে প্রতিবছর বিষ দিয়ে পুকুরের সমস্ত মাছ মেরে দেয়া হয়, মাছ চাষ ও পোল্ট্রি চাষ করে সেগুলো বিক্রি করে সরদার পরিবারের জীবন জীবিকা চলে। ২০০৬ সাল থেকে আজও পর্যন্ত বহু ঘটনা প্রশাসনের জানিয়েছে প্রশাসনের কোন হেলদোল নেই। সত্যিকারে কি এই পরিবারটাকে বিলুপ্ত করে দিতে চাইছে, আসল রহস্য বাকি রয়েছে সে কারণে এই পরিবার বারবার নিরাপত্তায় হীনতায় ভুগছে কুড়িটা বছর ধরে। তাহলে কি জোর করে রাজনীতি করিয়েই ছাড়বে এটাই কি আসল উদ্দেশ্য রাজনৈতিক নেতাদের। নিরপেক্ষ বলে কোন মাধ্যমকে রাখতে দেবে না এটাই কি প্রশাসনিক ও রাজনৈতিক মূল চিন্তাভাবনা, তা না হলে কেনই বা ১৪ জুলাই রাতে মৃত্যুঞ্জয় সরদারের পরিবারে পুকুরে বিষ দিয়ে লক্ষ্য লক্ষ্য টাকা মাছের ক্ষতি করে দিল। বুথ স্তরের কিছু নেতারা সাম নিউজ সারাদিন সম্পাদকের পরিবারকে বারবার বলছে পার্টি যদি যাও তাহলে এসব ঘটনা আর ঘটবে না কোনদিন। তাহলে ভারতবর্ষে চতুর্থ নম্বর স্তম্ভের মর্যাদা কি রাজনৈতিক নেতাদের হাতে তার প্রত্যক্ষ পরোক্ষ



উদাহরণ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের পরিবারকে স্পষ্ট হয়ে যায় জনসাধারণের কাছে। তা না হলে বারবার নিরাপত্তার আর্জি জানিও প্রশাসন এই পরিবারের নিরাপত্তা দেয় না। কেনই বা এই পরিবারের নামে মিথ্যা মামলা করে হয়রান করানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে, বৃদ্ধ বয়সে মৃত্যুঞ্জয় সরদারের পিতা ও মাতা কে মিথ্যা মামলায় হয়রানি করানোর পরিকল্পনা রয়েছে দীর্ঘদিন ধরে। সে কথাও দু'চারটে লোকাল সাংবাদিকদের মুখে মুখে প্রকাশ পায়। সম্পাদকের কণ্ঠ রোধ করাতেই উঠে পড়ে লেগেছে রাজনৈতিক নেতারা, তাই যখনই নির্বাচন আসে তখনই এই সরদার পরিবারের উপর কোনো না কোনো ঘটনা অত্যাচার অবিচার অনাচার নামিয়ে দেয়। সুযোগ পেলেই মৃত্যুঞ্জয় সরদার কে যেকোনোভাবেই মেরে দেবে সে পরিকল্পনা চলতেই থাকে প্রতিনিয়ত। পুকুরে বিষ ফিসারি বিষ নানান রকম ক্ষয়ক্ষতি এই পরিবারের উপরে হয় বা কেন? লোকাল প্রশাসনকে জানালে সাধারণ মানুষের থেকে আরও বেশি হয়রানি করাতে থাকে এই পরিবারকে! দীর্ঘদিন ধরে যেসব ঘটনা প্রশাসনিকভাবে মৃত্যুঞ্জয় বাবু নিজে লিখিত জানিয়েছে আজকের দিন পর্যন্ত তার কোন সূরাহ ও মেলেনি, মানুষ নয় অমানুষ তাই এদের উপরে এসব অত্যাচার চলে। খোঁজখবর নিয়ে জানা গেছে যা ঘটনা ঘটতেই থাকে লোকাল প্রশাসন সবটাই কিছুই ঘটেনি বলে চালিয়ে দেয় সর্বোচ্চ লেবেলে। পুলিশ প্রশাসনের উচ্চতম কর্তারা ব্যক্তিগতভাবে মৃত্যুঞ্জয় সরদারকে চেনে এবং সৎ সাহসী নির্ভীক সম্পাদক বলেও জানে তার পরেও তারা এই পরিবারকে রক্ষা করতে পারে না। রাজনৈতিক নেতাদের কাছে মাথা নত করে চলতে হয় প্রশাসনের উচ্চতম কর্তা ব্যক্তিদের মৃত্যুঞ্জয় সরদারের ঘটনায় উদাহরণ দেয়। কিন্তু বা রাজ্য দুই সরকারকে লিখিত জানিও এই পরিবারের নিরাপত্তায় অভাবেও ভুগছে দীর্ঘদিন যাবত। আসলে এই পরিবারের অপরাধ টা বা কী শাসক দলের সঙ্গে রাজনীতি করে না, আর বিরোধীদলের সঙ্গে রাজনীতিতে যায় না, সেই কারণে এই পরিবারের উপরে অত্যাচারটা লাগাম টেনে রেখেছে। এই ঘটনাটা নিউজ সারাদিনের প্রকাশ পেলেও সাংবাদিক পরিবারের উপরে আবারো অত্যাচার ভয়ংকর ভাবে নামতে পারে, সেটা বিগত দিনেও হয়েছে। সাংবাদ কি বা সম্পাদকের স্বতন্ত্র স্বাধীনতাকে রাজনৈতিক নেতাও প্রশাসন কেড়ে নিতে চাইছে? তা না হলে এই পরিবার রাজনৈতিক করে না বলে বারবার বিভিন্ন বদনাম সহ অত্যাচার অবিচার অনাচার ও অনাহারে থাকার পরিকল্পনা অব্যাহত! প্রায় সাংবাদিক মুখে মৃত্যুঞ্জয় সরদারের বদনাম কর এটাই শোনা যায়। তাহলে কি এইসব ঘটনার পিছনে সাংবাদিক প্রশাসন ও রাজনৈতিক নেতারা এককভাবে অত্যাচারের অব্যাহত রাখার পরিকল্পনা করছে? দীর্ঘদিন ধরে তানাহলে সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের নিরাপত্তা কেন দেয়া হলো না? কেনই বা এই পরিবারের একই ঘটনা বারবার ঘটতে থাকে। আর এসব কথা লিখলে প্রশাসনের একাংশ বেজায় চটে যাবে। তবে যে ছেলেটি কুড়িটা বছর ধরে সত্যের সন্ধানে নির্ভীক নিষ্ঠার সঙ্গে সাংবাদিকতা করে এসে আজকের এ তিন তিনটে কাগজের সম্পাদক তার পরিবারে অত্যাচার আমাদের পত্রিকা সম্পাদক মন্ডলী কোন ভাবে বরদাস্ত করে না। পুলিশের গোয়েন্দার বিভাগ ঘটনা ঘটার আগে কি কিছু জানতে পারে না, যদিবা জানে কিসের ভয়ে সেই সত্যটা সামনে আনতে পারে না। একাধিক আইএ এ ও আইপিএস সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারকে ব্যক্তিগতভাবে জানে বা চেনে তারপরে এসব ঘটনা ঘটেই বা কিভাবে? বিড়ালের গলায় ঘন্টা বাঁধবে বা কে? সম্পাদক মন্ডলীর একাংশ তো রাজনৈতিক ছত্রছায়ায় চলে গিয়েছে আর যেসব সাংবাদিক গুলো সম্পাদকগুলো নিরপেক্ষ ভাবে খবর পরিবেশন করার চেষ্টা করছে, তাদের উপরে অত্যাচার অবিচার খুনের পরিকল্পনা অব্যাহত রয়েছে আর সেই উদাহরণ মৃত্যুঞ্জয় সরদার নিজে। সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের পরিবারসহ মৃত্যুঞ্জয় সরদারকে প্রশাসনিকভাবে নিরাপত্তা দিতে হবে এই দাবি তুলছে রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে। এই পরিবারের এমনই বহু দাবি বহু বছর তুলেও আজও নিরাপত্তাহীনতায় ভুগছে। তাহলে কি ভবিষ্যতে বাংলায় কাগজের সম্পাদকদের এহেনে নিরাপত্তা হীনতায় ভুগতে হবে গ্রামগঞ্জে থাকলে? এই পরিবাহীর কথা কি কেউ কর্ণপাত করছে না তাহলে এই এলাকায় সাধারণ মানুষের অবস্থাই বাকি। কেনই বা এই পরিবারের পুকুরে ফিসারী প্রতিবছর বিষ দিয়ে মাছ মেরে দেওয়া হয় এর আসল উদ্দেশ্য বা কি রয়েছে। সত্যি কি পুলিশ প্রশাসন জেগে ঘুমাচ্ছে। পুকুরে বিষ দিয়ে মাছ মরে গিয়েছে লক্ষ লক্ষ টাকা, সে ফুটেজ তো সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার নিজে তুলে প্রশাসনকে পাঠায় তারপরে প্রশাসন কেনই বা নির্বাক হয়ে থাকে? এই নির্বাক হয়ে থাকার আসল কারণ কি প্রশাসনকে রাজনৈতিক চাপে ভুগতে হচ্ছে? তা না হলে সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের পরিবার সহ তাকে আজও নিরাপত্তা দেয়া হলো না, খুন হয়ে যাওয়ার পরে কি এই পরিবার নিরাপত্তা ভাবে প্রশাসনের তরফ থেকে? বহু ঘটনা বহুবার সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার মেইল করেছে রাজ্যপাল সহ প্রশাসনের একাধিক ব্যক্তিদের তারপরও আজকের দিনেও নিরাপত্তায় ভুগছে সম্পাদক পরিবার! এই পরিবার রাজ্যের মুখ্যমন্ত্রী আর কেন্দ্রের প্রধানমন্ত্রীদের কাছে নিরাপত্তার জন্য আবেদন করেও আজও নিরাপত্তা পায়নি তেমনি অভিযোগ! সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার যে কোনো ভাবে নিরাপত্তায় পায়, সে ব্যবস্থা করলে নিউজ সারাদিনের সম্পাদক মন্ডলি থেকে আমরা কৃতজ্ঞ থাকব স্বীকার করব আগামীদিনে।

## বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক মহাপ্রভু চৈতন্যদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

শ্রীচৈতন্য মহাপ্রভুর আমলে গঙ্গা যে পথে প্রবাহিত ছিল পরবর্তীকালে নদীপথের পরিবর্তন ঘটে ... শ্রী চৈতন্যদেবের জন্মস্থানে দেওয়ান গঙ্গা- গোবিন্দ সিংহের প্রাচীন পাথরের মন্দিরটি গঙ্গা গর্ভে তলিয়ে যায়। তাই ঐতিহাসিকদের মতে,শ্রীচৈতন্য মহাপ্রভু নবদ্বীপের যেই স্থানে জন্মেছিলেন, সেই স্থানটি এখন গঙ্গা-বক্ষে মিলিয়ে গেছে। ক্রমশঃ

# সর্ষের মধ্যে লুকিয়ে ভূত! বাকিবুল গ্রেফতার হতেই

# চাঞ্চল্যকর তথ্য আসছে ইডির হাতে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খাদ্য সামগ্রি কেলেঙ্কারি মামলায় ইডির নজরে বাকিবুর রহমানের বেশ কিছু রেজিস্ট্রার বুক। তাতেই লুকিয়ে গরমিল রহস্য বলে দাবি ইডির। দীর্ঘ সময় ধরে তল্লাশির পর প্রথমে আটক ও পরে বয়ানে একাধিক অসঙ্গতির কারণে অবশেষে শনিবার সকালে বাকিবুর রহমানকে গ্রেফতার করে ইডি। তাকে এদিন ব্যাঙ্কশাল আদালতে পেশ করা হলে দুদিনের ইডি হেফাজতের নির্দেশ দেয় আদালত।আর রেজিস্ট্রার বুকে রয়েছে গরমিল। তা ধরতেই খতিয়ে দেখা হচ্ছে রেজিস্ট্রার। কখন কত পরিমানে খাদ্য সামগ্রির অর্ডার এসেছে? কত সামগ্রি পাঠানো হয়েছে? সবটাই তদন্ত করে দেখছে ইডি। একই সঙ্গে আর্থিক লেনদেন রয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।সোমবার তাকে ফের আদালতে তোলা হবে। রেশনের খাদ্য সামগ্রি সরবরাহে দুর্নীতি হয়েছে। ২০২০ সালে নদিয়ার কোতোয়ালি থানায় এফআইআর হয়। সূত্রের খবর, এর আগে এই দুর্নীতর তদন্তে নেমে রাজ্য পুলিশের তরফে বার কয়েক তল্লাশি অভিযান চালানো হয়। পরে এই মামলার তদন্ত শুরু করে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট।

ইডি সূত্রে দাবি, ডিস্ট্রিবিউটরের অর্ডার থেকে সুকৌশনে চাল ও গমের বস্তা সরিয়ে খোলা বাজারে বিক্রি এবং সেই টাকা আত্মসাতের অভিযোগ রয়েছে বাকিবুরের বিরুদ্ধে। তারই তদন্তে নেমে এবার নজরে বাকিবুরের একাধিক চাল ও গম মিলের রেজিস্ট্রার। কারণ সেই রেজিস্ট্রারেই লুকিয়ে রয়েছে রহস্য বলে দাবি ইডির।সূত্রের দাবি, কোনও ডিস্ট্রিবিউটর ১০০ বস্তা গমের অর্ডার দিয়েছেন বাকিবুরকে। সেই গম সরবরাহ করার মধ্যেই লুকিয়ে দুর্নীতি। কি ভাবে দুর্নীতি হয়েছে? ইডি সূত্রে দাবি, এক একটি অর্ডারের সরবরাহ দিতে গিয়ে ৩০ থেকে ৪০ শতাংশ গম বা চাল সরিয়ে নেওয়া হত। এখানেই শেষ নয়, সেই খাদ্য সামগ্রি খোলা বাজারে বিক্রি করে মুনাফা পেয়েছে বাকিবুর।

শুধুই কি বাকিবুর? ইডির দাবি, এই কেলেঙ্কারিতে যোগ রয়েছে ডিস্ট্রিবিউটরদের একাংশের। কারণ তাদের কাছেও পৌঁছে যেত খোলা বাজারে বিক্রি করে প্রাপ্ত টাকার একটা অংশ। তাই তাদের ধরতে বাকিবুরকে জেরা করার প্রয়োজন আছে বলে দাবি ইডির।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## বিয়ের পাত্র খুঁজে পাচ্ছেন না মিমি!



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : টালিউড অভিনেত্রী মিমি চক্রবর্তীর বয়স এখন ৩৪। এই বয়সে যেখানে অন্য অভিনেত্রীরা বিয়ে করে মাতৃত্যের সাদ গ্রহণ করেছেন সেখানে নিজেকে সিঙ্গেল বলে দাবি করছেন মিমি। নেটিজেনদের একটাই প্রশ্ন- কবে বিয়ে করছেন মিমি? সম্প্রতি এই প্রশ্নের উত্তর দিয়েছেন এই অভিনেত্রী।

এ সাক্ষাৎকারে মিমি বলেন, বিয়ে একটা সোশ্যাল ট্যাবু। একজন সাধারণ মেয়ে হোক অথবা অভিনেত্রী হোক- সমাজ তাকে বোঝানোর চেষ্টা করে বিয়েটাই জীবনের মূল লক্ষ্য। আমাকেও বাকি আর পাঁচটা মেয়ের মতো সবসময় এই প্রশ্নের সম্মুখীন হতে হয়! কবে বিয়ে করছি?

খানিকটা মজার ছলে তিনি বলেন, বিয়ে অবশ্যই করব! কিন্তু পাত্র কই? বিয়ে করতে চাইলেও পাত্রর অভাবে বিয়ের পিঁড়িতে বসা হচ্ছে না। তাইত এখনো অবিবাহিত। কেউ কি আমার জন্য সঠিক পাত্রের সন্ধান দিতে পারবেন? আমার বিয়ে নিয়ে সকলের এত মাথাব্যথা! কিন্তু পাত্রই তো নেই!

এরপরই সিরিয়াস হয়ে যান মিমি। বলেন, বিয়েটা আমার জীবনের খুব ব্যক্তিগত একটা বিষয়, সিদ্ধান্তটাও খুব ব্যক্তিগত হবে। যেহেতু আমি সেলিব্রিটি, তাই আমার জীবন নিয়ে দর্শকের উৎসাহ বেশি। কিন্তু আমি 'হ্যাপিলি সিঙ্গল' এবং অবশ্যই 'রেডি টু মিঙ্গল'।

## মেয়ের বিয়ের দিনক্ষণ জানিয়ে আবেগ আপ্লুত আমির যা বললেন



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : ২০২২ সালের ১৮ নভেম্বর শরীরচর্চার প্রশিক্ষক নূপুর শিখরের সঙ্গে বাগদান সারেন ইরা। প্রায় দু'বছর সম্পর্কে থাকার পর ইরা-শিখর নতুন এক অধ্যায় শুরু করেন। এবার তাদের বিয়ের তোড়জোড় শুরু করেছে খান পরিবার। কথা ছিল ৩ অক্টোবর সাত পাকে বাঁধা পড়বেন আমির-কন্যা। তবে পিছিয়ে যায় বিয়ের তারিখ। শেষমেশ মেয়ের বিয়ের কথা নিজেই জানালেন অভিনেতা। ২০২৪ সালের ৩ জানুয়ারি বিয়ে ইরা খানের। জামাই কেমন সে কথাও জানালেন বলিউডের মিস্টার পারফেক্টশনিষ্ট।

একমাত্র মেয়ের বিয়ের প্রস্তুতি শুরু করে দিয়েছেন আমির। জানালেন ইরার জন্য নূপুর একেবারে যোগ্য সঙ্গী। আমিরের কথায়, এই কথাটা হয়তো সিনেমার সংলাপের মতো শোনাবে। তাও বলছি নূপুর আমাদের ছেলেই। ইরা যে সময় অবসাদের সঙ্গে লড়াই করছিল, সেই সময় প্রতিটা মুহূর্তে মেয়েকে সঙ্গ দিয়েছে। আর ওরা একে অপরের সঙ্গে খুশি সেটাই যথেষ্ট। এ ছাড়াও বলব নূপুরের মায়ের কথা। খুব ভাল মানুষ। উনি আমাদের পরিবারের এক জন হয়ে উঠেছেন। এ বিয়ে নিয়ে আমি যেমন খুশি, তেমনই জানি বিয়ের দিন আমাকে সামলানো যাবে না। আমি সে দিন খুব কাঁদব। কারণ আমি আমার আবেগ চেপে রাখতে পারি না।

এই মুহূর্তে সিনেমা থেকে কিছুটা সময় বিরতি নিয়েছেন অভিনেতা। লাল সিংহ চড্ডার ব্যর্থতার পর নাকি সিনেমার প্রতি ভালবাসা শেষ হতে শুরু করে। তবে পরিবার ছেলে-মেয়েদের সঙ্গে সময় কাটিয়ে এখন অনেকটা ভাল আছেন তিনি, জানালেন আমির খান।

## গোপনে মা হওয়ার খবরে মুখ খুললেন বিদ্যা বালান



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : শোবিজ তারকারা একটা সময় তাদের বিয়ে-সন্তানের খবর গোপন রাখতেন। ধারণা করা হতো, এতে তাদের জনপ্রিয়তায় টান পড়বে। তবে বর্তমানে তেমনটা দেখাই যায় না। বিয়ে থেকে প্রেগন্যান্সি, তারকারা সোশ্যাল মিডিয়াতে তাদের জীবনের সব মুহূর্ত বেশ গর্ব করে শেয়ার করেন। কিন্তু গুঞ্জন উঠেছে বলিউড অভিনেত্রী বিদ্যা বালান তার মা হওয়ার খবর এতদিন ধরে লুকিয়ে রেখেছিলেন।

এ প্রসঙ্গে সম্প্রতি মুখ খুলেছেন



জনপ্রিয় এ অভিনেত্রী। সম্প্রতি এয়ারপোর্টে এক কিশোরীর সঙ্গে বিদ্যা বালানের কিছু ছবি নেট দুনিয়ায় ভাইরাল হওয়ার পর গুঞ্জন উঠেছে ইতিমধ্যেই এক কন্যা সন্তানের মা হয়েছেন বিদ্যা বালান। তবে এক সাক্ষাৎকারে এ বিষয়ে বিদ্যা সব গুঞ্জনে পানি ঢেলে দিলেন। এসময় তিনি বলেন, আমার মা হওয়ার গুঞ্জন শুনেছি। কিন্তু আফসোস, আমি মা হইনি। এটা আমার বোনের মেয়ে।

সাক্ষাৎকারে বিদ্যা আরও বলেন, 'আমার বোনের জমজ ছেলে-মেয়ে। একজনের নাম রুহান আর অন্যজন ইরা। এয়ারপোর্টে আপনারা আমাকে ইরার সঙ্গেই দেখেছেন। সম্পর্কে খালা হলেও আমি ওদের খুব ভালোবাসি।' বিদ্যার মুখে এমন খবর শুনে অবাক হয়েছেন অনেক নেটিজেন। কেউ কেউ হয়েছেন হতাশও। কারণ ব্যক্তি জীবনে কবে সত্যি সত্যি নায়িকা মা হবেন এমনটাই এখন প্রশ্ন, বিদ্যা ভক্ত ও শুভাকাঙ্ক্ষিদের।

২০১২ সালে সিদ্ধার্থ রায় কাপুরকে বিয়ে করেন অভিনেত্রী। যদিও বিয়ের ১১ বছর পরেও সন্তান নেননি তারা। তবে ব্যক্তিগত জীবন গোপন রাখতেই ভালোবাসেন অভিনেত্রী। নিয়ত সিনেমায় শেষ দেখা গিয়েছে বিদ্যা বালনকে। এই ছবিতে তার চরিত্র ছিল মহিলা গোয়েন্দার। আরও ছিলেন রাম কাপুর, রাহুল বোস, নীরজ কবি, অমৃতা পুরী, শাহানা গোস্বামী, নিক্কি ওয়ালিয়া, দীপান্বিতা শর্মা, প্রজক্তা কোলি, দানেশ রাজভির মতো অভিনেতারা।

## রণবীর-রাশমিকার 'অ্যানিমেল' ছবির মুক্তি নিয়ে শঙ্কা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : জনপ্রিয় দক্ষিণী অভিনেত্রী রেশমিকা মান্দানা এখন 'অ্যানিমেল' সিনেমা নিয়ে আলোচনায় রয়েছেন। চলতি বছরের শুরুতে মুক্তি পাওয়া ছবির প্রচার ঝলকে বলে দিয়েছিল, অ্যাকশনে ভরপুর এই সিনেমায় ভয়ঙ্কর সব কাণ্ড করবেন রণবীর কাপুর। তাছাড়া প্রথমবারের মতো রাশমিকার সঙ্গে জুটি বেঁধেছেন তিনি।

স্বাভাবিকভাবেই অনুরাগীদের মধ্যে উত্তেজনা রয়েছে এই নতুন জুটিকে বড়পর্দায় দেখার। তাদের সেই উন্মাদনা আরও বাড়িয়ে দিলেন রাশমিকা নিজেই। সম্প্রতি একটি ছবি পোস্ট করে তিনি লিখেছেন, 'আমার প্রিয় গান'। যা প্রকাশ পেতেই লুফে নিয়েছেন নেটিজেনরা। তবে সিনেমাটি দর্শক আগ্রহের কেন্দ্রে থাকলেও নির্ধারিত সময় পর্দায় আসবে কি-না তা নিয়ে বেশ সংশয় রয়েছে।

যদিও এর আগে নির্মাতা জানিয়েছিলেন আসছে ডিসেম্বরে মুক্তি পাবে অ্যানিমেল। তবে একই সময় প্রেক্ষাগৃহে আসবে বর্তমানে একের পর এক বক্স অফিস মাতানো সুপারস্টার শাহরুখ খানের 'ডাঙ্কি' সিনেমাটি। সেই জায়গা থেকে সিনেবোদ্ধারা ধারণা করছেন হয়তো শাহরুখের জন্য পিছিয়ে যাবে 'অ্যানিমেল' মুক্তি! যদিও বিষয়টি নিয়ে এখনও মুখ খোলেননি সিনেমা সংশ্লিষ্ট কেউই।

## আইসিসি বাড়তি

# সুবিধা দেবে ভারতকে, দাবি শেবাগের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** এবারের ওয়ানডে বিশ্বকাপে ভারতীয় দলকে সুবিধা করে দিচ্ছে আইসিসি। এমনটাই মনে করছেন ভারতের সাবেক ক্রিকেটার বীরেন্দ্র শেবাগ। ২০১১ সালে বিশ্বকাপজয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন তিনি। পিচ তৈরির ক্ষেত্রে ভারত সুবিধা পাবে বলে মনে করছেন শেবাগ।

ভারত জিতলে আইসিসির আর্থিক দিক থেকে লাভ রয়েছে বলে মনে করেন তিনি। সেই কারণেই আইসিসি চাইবে ভারতকে জেতাতে।

সম্প্রতি এক সাক্ষাৎকারে শেবাগ বলেন, আইসিসি ভারতকে সাহায্য করবে এই বিশ্বকাপে। বিশ্বকাপে পিচ প্রস্তুত করছে ভারতীয়রা। ভারত যখন সেমিফাইনাল বা ফাইনাল খেলবে, তখন পিচ তাদের মতো করেই তৈরি করা হবে। আইসিসি জানে, ভারত যদি এই প্রতিযোগিতায় শেষ পর্যন্ত থাকে, তবেই লোক মাঠে আসবে, খেলা দেখবে। সেই কারণে ভারতের বিশ্বকাপ জেতার সম্ভাবনা সব থেকে বেশি।

এবারের বিশ্বকাপে বিরাট কোহলি প্রচুর রান করবেন বলে মনে করছেন শেবাগ। তিনি বলেন, বিরাটের রানের খিদে রয়েছে। আর কোনো ব্যাটারের মধ্যে সেই খিদে দেখা যাচ্ছে না। শেষ বিশ্বকাপে রোহিত শর্মা পাঁচটা শতরান করেছিল। এবার বিরাট চাইবে রান করতে। পরের বিশ্বকাপ বিরাট খেলবে কি না তা নিশ্চিত নয়, তাই এই বিশ্বকাপ স্মরণীয় করে রাখতে চাইবেন তিনি।

গত ৫ অক্টোবর থেকে ভারতে শুরু হয়েছে এবারের ওয়ানডে বিশ্বকাপ। ভারত ৮ অক্টোবর খেলতে নামে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে। সেই ম্যাচ ৬ উইকেটে জেতে ভারত। বুধবার আফগানিস্তানের বিরুদ্ধে খেলবে তারা। শনিবার খেলতে নামবে পাকিস্তানের বিরুদ্ধে।

# আইসিসি থেকে সুখবর পেলেন সাকিব-বাবর




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ভারতে চলছে আইসিসি ওয়ানডে বিশ্বকাপের ১৩তম আসর। অস্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকা ছাড়া অংশগ্রহণকারী বাকি দলগুলো ইতোমধ্যে দুটি করে ম্যাচ খেলে ফেলেছে। এরই মধ্যে আইসিসি থেকে সুখবর পেয়েছেন টাইগার অধিনায়ক সাকিব আল হাসান ও পাকিস্তান কাপ্তান বাবর আজম।

১১ অক্টোবর ওয়ানডে র‍্যাঙ্কিংয়ের হালনাগাদকৃত তালিকা প্রকাশ করেছে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা আইসিসি। যেখানে ব্যাটসম্যান ও অলরাউন্ডারের তালিকায় শীর্ষস্থানে কোনো পরিবর্তন হয়নি। এক নম্বরে অবস্থান করছেন যথাক্রমে বাবর ও সাকিব।

বিশ্বকাপের প্রথম ম্যাচে আফগানিস্তানের বিপক্ষে একচেটিয়া খেলে জয়লাভ করে বাংলাদেশ। তবে দ্বিতীয় ম্যাচে ইংলিশদের বিপক্ষে নাস্তানাবুদ হয়েছে টাইগাররা। তবে দুটি ম্যাচেই ব্যাটে-বলে পারফর্ম করতে দেখা গেছে টাইগার অধিনায়ক সাকিবকে। তবে বোলিংয়ে দারুণ ছন্দে থাকলেও অনেকটাই নিষ্প্রভ ব্যাটিংয়ে। তবু অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ের শীর্ষস্থান ধরে রেখেছেন টাইগার কাপ্তান। সাকিবের বর্তমান রেটিং পয়েন্ট ৩৪৩।

অন্যদিকে পাকিস্তান ইতোমধ্যে দুটি ম্যাচ খেলে শতভাগ জয় তুলে নিয়েছে। তবে ব্যাট হাতে পুরোপুরি ব্যর্থ নাম্বার ওয়ান ব্যাটার পাক অধিনায়ক বাবর আজম। কিন্তু তারপরও তিনি শীর্ষস্থান ধরে রেখেছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ভারতের শুভমান গিল ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে প্রথম দুটি ম্যাচ খেলতে পারেননি। ফলে এখনো বাবর শীর্ষস্থানে রয়েছেন। বাবরের বর্তমান রেটিং পয়েন্ট ৮৩৫।

এদিকে ওয়ানডে ফরম্যাটে বোলারদের র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থান হারিয়েছেন ভারতের পেসার মোহাম্মদ সিরাজ। তাকে টপকে শীর্ষস্থানে জায়গা করে নিয়েছে অস্ট্রেলিয়ার পেসার জস হ্যাজেলউড। হ্যাজেলউডের বর্তমান রেটিং পয়েন্ট ৬৮২। দ্বিতীয় স্থানে নেমে যাওয়া ভারতের সিরাজের রেটিং পয়েন্ট এখন ৬৬৪। বোলারদের র‍্যাঙ্কিংয়ে ২ ধাপ এগিয়ে ৩ নম্বরে উঠে এসেছেন নিউজিল্যান্ডের ট্রেন্ট বোল্ট। আর চার ধাপ এগিয়ে ৫ নম্বরে উঠে এসেছেন ম্যাট হেনরি।

এদিকে ব্যাটারদের র‍্যাঙ্কিংয়ে বেশ এগিয়েছেন মুশফিকুর রহিম, বিরাট কোহলির মতো তারকা ব্যাটাররা। ব্যাটারদের র‍্যাঙ্কিংয়ে ১ ধাপ এগিয়ে ২২ নম্বরে উঠে এসেছেন মুশফিক। আফগানিস্তানের বিপক্ষে ৩ বলে ২ রানে অপরাজিত থাকার পর ইংল্যান্ডের বিপক্ষে ৬৪ বলে করেন ৫১ রান। মুশফিকের সঙ্গে যৌথভাবে ২২ নম্বরে আছেন চারিথ আসালাঙ্কা। ভারতের সাবেক অধিনায়খ বিরাট কোহলি ২ ধাপ এগিয়ে উঠে এসেছেন ৭ নম্বরে। অস্ট্রেলিয়ার বিপক্ষে ৯৭ রানের অপরাজিত ইনিংস খেলা লোকেশ রাহুল ১৫ ধাপ এগিয়ে উঠে এসেছেন ১৯ নম্বরে।

## অবসরের পরিকল্পনা

# জানালেন রোনালদো!




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফুটবলকে বিদায় জানানোর পরিকল্পনা করে ফেলেছেন ক্রিশ্চিয়ানো রোনালদো। কবে অবসর নেবেন, তা ক্লাব আল নাসের এবং পর্তুগালের কর্মকর্তাদের জানিয়ে দিয়েছেন ৩৮ বছরের এই ফুটবলার।

বয়স বাড়লেও ফুটবল দক্ষতা কমেনি রোনালদোর। এখনও পাল্লা দিয়ে সর্বোচ্চ পর্যায়ে খেলছেন তিনি। দেশকে ইউরো কাপ দিলেও বিশ্বকাপ অধরাই থেকে গিয়েছে তার। তাই এখনই ফুটবলকে বিদায় জানাতে চান না। ২০২৬ সালে আর একবার চেষ্টা করতে চান বিশ্বের অন্যতম সেরা ফুটবলার। তাই পেশাদার ফুটবল চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

পর্তুগালের সংবাদমাধ্যমের দাবি, আল নাসের এবং পর্তুগালের কর্তাদের নিজের ইচ্ছার কথা জানিয়েছেন রোনালদো। সৌদি আরবের ক্লাব কর্মকর্তাদের তিনি নাকি বলেছেন, ২০২৭ সাল পর্যন্ত চুক্তি করতে আগ্রহী তিনি। আগামী বিশ্বকাপেও পর্তুগালের হয়ে খেলতে চান রোনালদো।

এর আগে এক বার ২০২৪ সাল পর্যন্ত পেশাদার ফুটবল খেলার ইচ্ছার কথা জানিয়েছিলেন রোনালদো। সেই পরিকল্পনা পরিবর্তন করেছেন। আরও তিন বছর খেলতে চান তিনি। এখনও পর্যন্ত দেশের হয়ে ২০১টি ম্যাচ খেলে ১২৩টি গোল করেছেন সিআর৭।

## দলের বড় জয়ের পরও

# লজ্জার রেকর্ড গড়লেন সিরাজ



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বিশ্বকাপে নিজেদের দ্বিতীয় ম্যাচে আফগানিস্তানের বিপক্ষে রোহিত-কোহলির বীরত্বে বড় জয় পেয়েছে ভারত। রোহিতের ঝড়ো সেঞ্চুরির সঙ্গে বিরাট কোহলির অপরাজিত হাফ সেঞ্চুরিতে আট উইকেটের জয় নিয়ে মাঠ ছাড়ে ভারত।

আফগানদের বিরুদ্ধে ভারতের দাপুটে জয়ের মধ্যেও একটি লজ্জার নজির তৈরি হয়েছে। মোহাম্মদ সিরাজের হাতে তৈরি হলো সেই লজ্জার নজির। বিশ্বকাপে ভারতীয় বোলারদের মধ্যে চতুর্থ খরচে বোলিং করলেন হায়দরাবাদের ক্রিকেটার।

বিশ্বকাপে এশিয়া কাপের ফর্মে দেখা যাচ্ছে না সিরাজকে। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম ম্যাচে একটি উইকেট পেলেও ভাল পারফরম্যান্স করতে পারেননি। আর বুধবার আফগানিস্তানের বিরুদ্ধে গড়ে ফেললেন লজ্জার নজির। এদিন সিরাজ ৯ ওভার বল করে ৭৬ রান দিয়েছেন। ওভার প্রতি রান খরচ করেছেন ৮.৪৪। যা বিশ্বকাপে ভারতীয়দের মধ্যে চতুর্থ জঘন্যতম বোলিং।

বিশ্বকাপে ভারতীয়দের মধ্যে সব থেকে খারাপ বোলিংয়ের নজির রয়েছে যুজবেন্দ্র চাহালের। ২০১৯ সালের বিশ্বকাপে ইংল্যান্ডের বিরুদ্ধে ১০ ওভারে ৮৮ রান দিয়েছিলেন চাহাল। পাননি কোনো উইকেট। ওভার প্রতি খরচ করেছিলেন ৮.৮৮ রান। এই তালিকায় চাহালের পর রয়েছেন জাভাগল শ্রীনাথ। ২০০৩ সালের বিশ্বকাপ ফাইনালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১০ ওভার বল করে ৮৭ রান দিয়েছিলেন। একটিও উইকেট পাননি। শ্রীনাথ সেই ম্যাচে ওভার প্রতি খরচ করেছিলেন ৮.৭০ রান। তালিকার তৃতীয় স্থানে রয়েছেন কারসান ঘাউরি। তিনি ১৯৭৫ সালের বিশ্বকাপে ইংল্যান্ডের বিরুদ্ধে ১১ ওভার বল করে ৮৩ রান দিয়েছিলেন। একটি ওভার অবশ্য মেডেন নিয়েছিলেন তিনি। ওভার প্রতি ঘাউরি খরচ করেছিলেন ৭.৫৪ রান।

ঘাউরির পর রইল সিরাজের বুধবারের পারফরম্যান্স। বেশি রান দেওয়ার নিরিখে চতুর্থ স্থানে থাকলেন তিনি। বিশ্বকাপ শুরুর সময় তিনি আইসিসির ওয়ানডে বোলারদের ক্রমতালিকায় ছিলেন শীর্ষে। প্রথম ম্যাচে খারাপ পারফরম্যান্সের সুবাদে নেমে গিয়েছেন দ্বিতীয় স্থানে। পাকিস্তান ম্যাচে ভাল কিছু করতে না পারলে ক্রমতালিকায় আরও মেনে যেতে পারেন তিনি।

# কেন দাড়ি নিয়ে দুশ্চিন্তায় ছিলেন মঈন আলী?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইংল্যান্ডের ক্রিকেটার মঈন আলী অলরাউন্ড পারফর্ম্যান্স দিয়েই বিশ্ব ক্রিকেটে নিজের জায়গা করে নিয়েছেন। তাকে চিনতে আর আলাদা কোনো পরিচয়ের দরকার পড়ে না। তবু একটা ভিন্ন পরিচিতি মঈন পেয়ে গেছেন তার ধর্ম নিষ্ঠার কারণে। কেবল মুখে দাড়ি নয় মন ও মননেও তিনি বেশ বিশ্বাসী। ধর্মীয় আচার মানেন বেশ ভালোভাবে। আর এ কারণে তার সতীর্থরাও তাকে বেশ সম্মান করে।

তবে যে আলাদা পরিচয় তাকে দিয়েছে বিশেষ সম্মান, সেই বেশ নিয়ে একটা সময় বেশ দুশ্চিন্তায় ছিলেন মঈন। আর সেই ভয়ের কথা নিজেই স্বদেশী গণমাধ্যম স্কাই স্পোর্টসকে জানিয়েছেন ইংল্যান্ডের সহ-অধিনায়ক। তিনি জানিয়েছেন দাড়ি রাখার ক্ষেত্রে তার আইকন দক্ষিণ আফ্রিকার সাবেক ওপেনার হাশিম আমলা। মোহাম্মদ আলীকেও মানেন অনুপ্রেরণা হিসেবে।

৩৬ বছর বয়সী মঈন বলেছেন, মোহাম্মদ আলী আমার জন্য বড় অনুপ্রেরণা ছিলেন। কারণ, যেভাবে তিনি বেড়ে উঠেছিলেন এবং একজন মুসলিম ছিলেন। দক্ষিণ আফ্রিকার ক্রিকেটার হাশিম আমলারও বড় দাড়ি ছিল। তিনি রাখতে পারলে, আমি কেন পারব না? আমি এটাই করতে চেয়েছিলাম, তবে একটু ভয়ও ছিল। তখন বয়সে তরুণ ছিলাম। আমি চাইনি লোকে, এমনকি আমার পরিবারও আমাকে উগ্রবাদী ভেবে নিক। সে সময় লোকে বলাবলি করত, মুসলিম মানেই উগ্রবাদী।

# 'তালগাছ' রোহিতকে টপকে যাবেন কে?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সব গাছ ছাড়িয়ে আকাশে উঁকি দেওয়া তালগাছ হয়ে উঠেছেন ভারতীয় ক্রিকেট দলের ওপেনার ও অধিনায়ক রোহিত শর্মা। আন্তর্জাতিক ক্যারিয়ারে সবচেয়ে বেশি ছক্কা হাঁকানোর রেকর্ড এখন তার দখলে। এই রেকর্ড ভাঙার মতো তার আশপাশেও আপাতত কেউ নেই। তার রেকর্ড ভাঙতে হলে মনে হয় ক্রিস গেইলকেই আবার ক্রিকেটে ফিরতে হবে।

অনেক দিন পর চেনা ছন্দে ফিরে আফগানিস্তানকে ধসিয়ে দিয়েছেন ভারতের অধিনায়ক রোহিত শর্মা। সেই সাথে ছাড়িয়ে গেছেন ক্যারিবিয়ান দানবখ্যাত ক্রিস গেইলকেও।

বিশ্বকাপে আফগানিস্তানের বিপক্ষে ম্যাচে ক্রিস গেইলের ছক্কার রেকর্ড ভেঙে দেন রোহিত। গেইলের ৫৫৩ ছক্কা ছাড়িয়ে গেছেন তিনি। রেকর্ড ভাঙার পরও আরও দুটি ছক্কা হাঁকান রোহিত।

৮৪ বলে ১৩১ রানের দারুণ ইনিংসে মোট ১৬টি বাউন্ডারিও হাঁকান রোহিত।

২২ বছর ছোঁয়া ক্যারিয়ারে ৫৫১ ইনিংসে ৫৫৩ ছক্কা হাঁকিয়েছেন গেইল। আর ৪৭৩ ইনিংসেই তাকে টপকে যান রোহিত। বিশ্বকাপে দ্রুততম হাজার রানের রেকর্ডও গড়েছেন ভারতীয় ওপেনার।

আন্তর্জাতিক ক্রিকেটে রোহিত মোট ৫৫৬টি ছক্কা মেরেছেন। যার মধ্যে টেস্টে ৭৭টি, ওয়ানডেতে ২৯৭ ও টি-টোয়েন্টিতে ১৮২টি। গেইল ও রোহিত ছাড়া আর কোনো ব্যাটার পাঁচশ'র বেশি ছক্কা হাঁকাতে পারেননি। চারশর বেশি ছক্কা আছে শুধু শহিদ আফ্রিদির। তিনি ক্যারিয়ারে ৪৭৬ টি ছক্কা হাঁকিয়েছেন।

## বিশ্বকাপ ধামাকা

## 'অসহায়' পাকিস্তানকে

# ৭ উইকেটে হারাল ভারত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্যাটিং ধসের পর বল হাতেও সুবিধা করতে পারেনি পাকিস্তানের বোলাররা। ফলে ১৯২ রানের টার্গেটে খেলতে নেমে ভারতকে খুব একটা বেগ পেতে হয়নি। বাবর আজমের দলকে রোহিত শর্মারা হারিয়েছে ৭ উইকেটের বড় ব্যবধানে।

জয়ের ম্যাচে ব্যাট হাতে ভারতকে সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন কাপ্তান রোহিত। ৬৩ বলে ৮৬ রানের দুর্দান্ত ইনিংস খেলেছেন তিনি। ডেঙ্গু থেকে সেরে ফেরা শুভমান গিল ১১ বলে ১৬ রান করে ফিরলেও তার কোনো প্রভাব পড়েনি ভারতের ব্যাটিংয়ে। রোহিত একাই হাত খুলে খেলতে থাকেন। কিছুক্ষণ তাকে সঙ্গ দিয়েছেন তিনে ব্যাট করতে আসা বিরাট কোহলি। ১৮ বলে ১৬ রান করে হাসান আলির শিকার হয়ে ফেরেন কোহলি। তবে হাল ধরেছিলেন রোহিত। ভারতীয় অধিনায়কের বিদায়ের পর হাল ধরেন শ্রেয়াস আইয়ার। লোকেশ রাহুলকে সাথে নিয়ে জয় নিশ্চিত করে মাঠ ছাড়েন এই ব্যাটার।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR